بسم الله الرحمن الرحيم

## পূর্ব কথা

إقرأ باسم ربك الذى خلق

"পড় তোমার প্রভূর নামে যিনি সৃষ্টি করেছেন।"

মহান রাব্বুল আলামীন সর্বপ্রথম মানবমন্ডলীকে পড়া বা জ্ঞানার্জনের নির্দেশ দিয়েছেন। সুতরাং কুরআন সুন্নাহর জ্ঞানের সাথে জাগতিক বিষয়াদির জ্ঞান দ্বারা মন ও আত্নাকে সমৃদ্ধ করাও মুসলমানদের জন্য আবশ্যকীয়। তবে অহীভিত্তিক জ্ঞানের আলোকেই সজ্জিত করতে হবে জাগতিক সকল জ্ঞান বিজ্ঞানকে। ইসলামী শিক্ষার অনুপস্থিতির কারণে ইংরেজ প্রবর্তিত বর্তমান সাধারণ শিক্ষা ছাত্র-ছাত্রীদের ঈমানী বুনিয়াদ সৃষ্টিতে এবং নৈতিক ও চারিত্রিক বিকাশ সাধনে ব্যর্থ প্রমাণিত হয়েছে। অন্যদিকে বর্তমান মাদরাসা শিক্ষায় ইসলামকে একটি পূর্ণাঙ্গ জীবন বিধান হিসেবে শিক্ষা দেয়ার মত যথাযথ ব্যবস্থা আজও গড়ে ওঠেনি। উপরন্তু ইসলামী আক্বীদা বিবর্জিত শিক্ষা ব্যবস্থা, নৈতিকতা বিবর্জিত অনৈসলামিক সংস্কৃতি ও তাগুতী শক্তির প্রভাবে ছাত্র-ছাত্রীরা সঠিক পথ নির্দেশনা থেকে বঞ্চিত ও বিপথগামী হয়ে পড়ছে। পারিপার্শ্বিকতার বেড়াজাল থেকে পরিত্রাণ ও চলমান নৈতিক ও চারিত্রিক অবক্ষয় রোধ করে মুসলিম উম্মাহর ভাবী বংশধরকে রক্ষা করার জন্য তাওহীদভিত্তিক জ্ঞান ও সাধারণ শিক্ষার সমন্বয় সাধনের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। শিরক বিদআতমুক্ত সঠিক ইসলামী জ্ঞান, নৈতিক ও আধ্যাত্নিক মূল্যবোধের সংমিশ্রণ এবং আধুনিক শিক্ষার সার্বিক উন্নয়ন ও উৎকর্ষ সাধনের মাধ্যমেই কেবল সুযোগ্য ও আদর্শ নাগরিক সৃষ্টি করা যেতে পারে। এরূপ এক সমন্বিত শিক্ষার প্রসারের মাধ্যমে যোগ্য আলেম ও আদর্শ নাগরিক সৃষ্টির বাস্তব উদ্যোগ ও দৃপ্ত প্রয়াসে হযরত শাহজালাল (র:) এর পূণ্য স্মৃতিবিজড়িত সিলেট শহরের পাঠানটুলায় তাঁরই নামানুসারে প্রতিষ্ঠিত হয়েছে শাহজালাল জামেয়া ইসলামিয়া কামিল (এম.এ) মাদরাসা।

**পরিবার ও মাতাপিতার ভূমিকা ঃ**

মানব শিশুকে উন্নত নৈতিক শিক্ষাদান ও তাকে আদর্শ নাগরিকরূপে গড়ার জন্য পরিবার ও মাতা-পিতার ভূমিকা অপরিসীম।

**পরিবার ঃ**

পরিবার মানব শিশুর প্রথম শিক্ষালয়। ছাত্র-ছাত্রীদের নৈতিক ও চারিত্রিক বিকাশ সাধন পরিবারের সুস্থ ও সুন্দর পরিবেশের উপর বহুলাংশে নির্ভরশীল। আপনার পারিবারিক পরিবেশ যত সুস্থ, সুন্দর ও রুচিশীল হবে, আপনার সন্তানদের জীবন তত সুন্দর ও সুগঠিত হবে।



**মাতাপিতা ঃ**

মাতা-পিতাকেই সর্বপ্রথম সন্তানের সুষ্টু লেখাপড়ার ব্যবস্থা ও উজ্জ্বল ভবিষ্যত গঠনের চিন্তা করতে হবে। মায়ের কোল শিশুদের প্রাথমিক বিদ্যালয় হিসেবে বিবেচিত। সন্তানদের শিক্ষা প্রতিষ্ঠানে পাঠিয়েই মাতা-পিতার কর্তব্য শেষ হয় না। মাদরাসায় তাদের লেখাপড়ার অগ্রগতির খোঁজ-খবর রাখা, বাসা-বাড়ীতে নিয়মিত রুটিন মাফিক পড়া, শিক্ষার তাগিদ দেয়া ও প্রয়োজনে শ্রেণি শিক্ষক বা কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করাও তাদের দায়িত্ব। স্মরণ রাখা প্রয়োজন, আপনার সন্তান প্রতি ২৪ ঘন্টার ৫/৬ ঘন্টাই কেবল শিক্ষাঙ্গনে কাটায়। বাকী সময় সে আপনারই পাশে রয়েছে।

**সিলেবাস ঃ**

জামেয়া তার ছাত্রদের উন্নত শিক্ষাদান ও প্রশিক্ষণের জন্য যথাযথ সিলেবাস প্রণয়নে গুরুত্ব দিয়ে থাকে। সিলেবাস যত সুন্দর, সুসামঞ্জস্যপূর্ণ ও সমন্বিত হয়, পাঠদান ও পাঠ গ্রহণ তত উন্নত ও ফলপ্রসূ হয়। এ জন্য বছরের শুরু থেকে যাতে প্রত্যেক অভিভাবক ও শিক্ষার্থী সংশ্লিষ্ট বছরের পুরো পাঠ্যক্রম সম্বন্ধে ওয়াকিফহাল হতে পারেন এবং সেভাবে অগ্রসর হতে পারেন, সে লক্ষ্যে এ ব্যবস্থা গৃহীত হয়েছে।

বছরে পঠিতব্য পুরো সিলেবাসকে তিনভাগে ভাগ করত: সারা বছরের পাঠ্যক্রম প্রণীত হয়েছে। প্রত্যেক অংশেই প্রশ্নের ধরন, মানবন্টন ইত্যাদি সহ বিস্তারিত পঠিত বিষয়াদি বর্ণিত হয়েছে। এগুলো অভিভাবক ও শিক্ষার্থীর জন্য অত্যন্ত সহায়ক।

**বাড়ীর কাজ ঃ**

ক্লাসে পঠিত বিষয়কে বাড়ীতে অনুশীলনের মাধ্যমে রপ্ত করা এবং লেখা প্র্যাকটিস করা শিক্ষার্থীর জন্য অত্যন্ত জরুরী। প্রতি বিষয়েই সংশ্লিষ্ট শিক্ষকের পক্ষ থেকে ছাত্র-ছাত্রীদেরকে নিয়মিত বাড়ীর কাজ প্রদান করা হয়। বাসা-বাড়ীতে অনুশীলন ও সুষ্ঠুভাবে বাড়ীর কাজ সম্পন্ন করার মাধ্যমে যাতে শিক্ষার্থীরা স্বীয় মান বৃদ্ধিতে এগিয়ে আসতে পারে সেজন্য অভিভাবকদের থাকতে হবে পূর্ণ সজাগ ও সচেতন।

**ক্লাসটেস্ট পরীক্ষা ঃ**

প্রতিটি চূড়ান্ত পরীক্ষার পূর্বে প্রতি বিষয়ে ২টি ক্লাসটেস্ট পরীক্ষা গ্রহণ করা হবে। নির্ধারিত সময়সূচী অনুযায়ী পঠিত কোর্সের ভিতর থেকে ক্লাসের মধ্যেই এ পরীক্ষা গ্রহণ করা হয়। ২টি ক্লাসটেস্ট পরীক্ষায় ৭×২=১৪ নম্বর থাকবে। আরো ৬ নম্বর থাকবে এসাইনমেন্টে। মোট ২০ নম্বর। ক্লাসটেস্ট ও এসাইনমেন্ট এর জন্য বরাদ্দ থাকলো ২০ নম্বর। আবার চূড়ান্ত পরীক্ষার জন্য বরাদ্দ ৮০ নম্বর। তবে চূড়ান্ত পরীক্ষা হবে ১০০ নম্বরের। চূড়ান্ত এ ১০০ নম্বরকে ৮০% এ পরিবর্তন করা হবে। এভাবে প্রতিটি বিষয়ে চূড়ান্ত প্রাপ্ত নম্বর নির্ণয় করা হবে।

**এসাইনমেন্ট ঃ**

পঠিত বিষয়কে লিখার মাধ্যমে ভালভাবে রপ্ত করা, লেখার গতি বৃদ্ধি করা সহ ছাত্র-ছাত্রীরা যাতে পরীক্ষায় খাতায় পঠিত বিষয়কে সুন্দরভাবে সাজিয়ে গুছিয়ে এবং দ্রুত লিখতে অভ্যস্থ হয়ে উঠে এজন্য প্রতি বিষয়ে এসাইনমেন্ট চালু রয়েছে। প্রতি ক্লাসে প্রতিটি বিষয়ে লেখার জন্য নির্ধারিত সাইজের খাতা থাকবে। সংশ্লিষ্ট শিক্ষকের তত্ত্বাবধানে ছাত্র-ছাত্রীরা অনুশীলনীর আলোকে বিভিন্ন প্রশ্ন-উত্তর এবং শিক্ষকের দেয়া বিভিন্ন বিষয় নির্ধারিত খাতায় সুন্দরভাবে লিপিবদ্ধ করবে। প্রতি বিষয়ের এসাইনমেন্টের জন্য ৬ নম্বর নির্ধারিত রয়েছে।

**পরীক্ষাসমূহ**

| জামেয়া-শিশু থেকে জামেয়া-৫ |
|---|
| ১ম ক্লাসটেস্ট পরীক্ষা |
| ২য় ক্লাসটেস্ট পরীক্ষা |
| এসাইনমেন্ট-১ |
| ⇨ **বিশেষ মূল্যায়ন পরীক্ষা** |
| ৩য় ক্লাসটেস্ট পরীক্ষা |
| ৪র্থ ক্লাসটেস্ট পরীক্ষা |
| এসাইনমেন্ট-২ |
| ⇨ **অর্ধবার্ষিক পরীক্ষা** |
| ৫ম ক্লাসটেস্ট পরীক্ষা |
| ৬ষ্ঠ ক্লাসটেস্ট পরীক্ষা |
| এসাইনমেন্ট-৩ |
| ⇨ **বার্ষিক পরীক্ষা** |

✡ প্রতিটি বিষয়ে পাশ গণ্য হওয়ার জন্য চূড়ান্ত পরীক্ষায় ৮০ এর মধ্যে কমপক্ষে ২৫ পেতে হবে। এ ক্ষেত্রে ইনকোর্স পরীক্ষা ও এসাইনমেন্টে প্রাপ্ত নম্বর সহায়ক হবে না।



## পরীক্ষা মূল্যায়ন পদ্ধতি

| | | | |
|---|---|---|---|
| A+ (মমতাজ মুতাফাওয়ীক) | ৮০% | ----- | ১০০% |
| A (মমতাজ) | ৭০% | ----- | ৭৯% |
| A- (জাইয়্যিদ জিদ্দা) | ৬০% | ----- | ৬৯% |
| B (জাইয়্যিদ) | ৫০% | ----- | ৫৯% |
| C (মকবুল) | ৪০% | ----- | ৪৯% |
| D (নাজেহ) | ৩৩% | ----- | ৩৯% |

### পরীক্ষা সম্পর্কিত জ্ঞাতব্য বিষয়

- ❖ বিশেষ মূল্যায়ন পরীক্ষার ১০% ও অর্ধবার্ষিক পরীক্ষার ১০% নম্বর ও বার্ষিক পরীক্ষার ৮০% নম্বর একত্রে যোগ করে চূড়ান্ত ফলাফল নির্ণয় করা হবে।
- ❖ অর্ধবার্ষিক, বার্ষিক ও নির্বাচনী পরীক্ষার পূর্বে প্রতি বিষয়ে ২টি ইনকোর্স পরীক্ষায় বাধ্যতামূলকভাবে অংশগ্রহণ করতে হবে।
- ❖ প্রতিটি ইনকোর্স পরীক্ষা শেষ হওয়ার ৭ দিনের মধ্যে শ্রেণিতে ফলাফল জানিয়ে দেয়া হবে।
- ❖ অর্ধবার্ষিক পরীক্ষার খসড়া ফলাফল প্রকাশের দিন ছাত্র-ছাত্রীদেরকে পরীক্ষার উত্তরপত্র দেখার জন্য দেয়ার দুই দিনের মধ্যে পুনরায় সংশ্লিষ্ট শিক্ষকদের কাছে ফেরৎ দিতে হবে। চূড়ান্ত ফলাফল প্রকাশের তারিখ মেধাভিত্তিক অবস্থান চিহ্নিত করে মানোন্নয়নপত্র দেয়া হবে।
- ❖ বার্ষিক পরীক্ষার কোন উত্তরপত্র ছাত্র-ছাত্রীদের কাছে দেয়া হবে না। চূড়ান্ত ফলাফল প্রকাশের তারিখে শুধুমাত্র মানোন্নয়নপত্র প্রদান করা হবে।
- ❖ বার্ষিক পরীক্ষায় অকৃতকার্য কোন ছাত্র-ছাত্রীকে পরবর্তী বৎসর জামেয়ায় ভর্তি করা হয় না।
- ❖ বার্ষিক পরীক্ষায় কোন বিষয়ে পুন:নিরীক্ষণ করাতে চাইলে উত্তরপত্র জমা দেয়ার তিন দিনের মধ্যে ১০০/= টাকা ফি জমা দিয়ে আবেদন করতে হবে। আবেদন করার তিন দিনের মধ্যে পুন:নিরীক্ষণের ফলাফল জানিয়ে দেয়া হবে।

### পরীক্ষায় অসদুপায় অবলম্বন

পরীক্ষায় যাতে ছাত্র-ছাত্রীরা কোন উপায়েই অসদুপায় অবলম্বন করতে না পারে এ ব্যাপারে অত্যন্ত কঠোরতা প্রদর্শন করা হয়। এ ব্যাপারে কোন দূর্বলতা বা শিথিলতার আশ্রয় নেয়া হয় না। কোন শিক্ষার্থী মাত্র একবার এক বিষয়েই এরূপ কোন কাজে ধরা পড়লে অভিভাবকের মতামত ছাড়াই তার সংশ্লিষ্ট উত্তরপত্র বাতিল বা তাকে পরীক্ষা থেকে বহিস্কার করা হয়।

## ছুটিকালীন কাজ

দীর্ঘ ছুটিতে বিশেষ বাড়ীর কাজ দেয়া হয়। এগুলো বাড়ী থেকে লিখে এনে দাখিল করতে হয়। এ সময় অভিভাবকরা বিশেষভাবে ছাত্র-ছাত্রীদের প্রতি নজর রাখবেন।

## জামেয়ায় আগমন ও অবস্থান সংক্রান্ত নিয়ম-নীতি

- ❖ নির্ধারিত সময়সূচী অনুযায়ী প্রত্যেক ছাত্র-ছাত্রীকে জামেয়ায় আগমন করতে হয়। নির্ধারিত সময়ের পর বিলম্বে জামেয়ায় আসতে পারবে না।
- ❖ শ্রেণি কার্যক্রম শুরুর প্রাক্কালে প্রত্যেক শিক্ষার্থীর প্রাত্যহিক সমাবেশে অংশগ্রহণ বাধ্যতামূলক। নিয়মিত কার্যক্রম শুরুর ১৫ মিনিট পর কোন শিক্ষার্থীকে প্রতিষ্ঠানে প্রবেশের সুযোগ প্রদান করা হয় না।
- ❖ কোন ছাত্র-ছাত্রী কর্তৃপক্ষের অনুমতি ছাড়া জামেয়ায় অনুপস্থিত থাকতে পারবে না। বিশেষ কারণে ছুটির প্রয়োজন হলে পূর্বেই শ্রেণি শিক্ষকের মাধ্যমে অধ্যক্ষের নিকট থেকে অনুমতি গ্রহণ করতে হবে। ছুটি ছাড়া অনুপস্থিত থাকলে প্রতিদিন ২০/- টাকা হারে জরিমানা প্রদান করতে হবে।
- ❖ শিক্ষার্থীদের সাথে অভিভাবকেরা ২য় গেইটের ভিতরে প্রবেশ করতে পারবেন না। বেতন পরিশোধের জন্য ভিতরে প্রবেশ করলেও কোন ভাবেই ক্লাসের ভিতরে প্রবেশ এবং বারান্দায় বা ক্লাসের সামনে অবস্থান করতে পারবেন না।
- ❖ ব্যক্তিগত বা পারিবারিক কোন কাজ বা দায়িত্ব নিয়ে জামেয়ায় এসে আংশিক ছুটি চাওয়া যাবে না। একান্ত প্রয়োজন থাকলে বিধি মোতাবেক অভিভাবকের সুপারিশ সাপেক্ষে পূর্ণ দিবসের ছুটি নেয়া যেতে পারে।
- ❖ জামেয়া চলাকালীন লিখিত অনুমতি ছাড়া ক্যাম্পাসের বাইরে যাওয়া বা জামেয়া ত্যাগ করা শাস্তিযোগ্য অপরাধ। এরূপ ক্ষেত্রে ৫০/- টাকা জরিমানা সহ প্রতিষ্ঠানের বিধি মোতাবেক শোকজ, সাসপেন্ড ইত্যাদি যে কোন কঠিন শাস্তি আরোপিত হবে।
- ❖ কোন শিক্ষার্থী ব্যক্তিগত মোবাইল ফোন নিয়ে ক্লাসে আসতে পারবে না। অন্যথায় তা সীজকরণসহ কঠিন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। সীজকৃত মোবাইল কোন মতেই ফেরত প্রদান করা হবে না।
- ❖ জামেয়া চলাকালীন জামেয়ায় জোহরের নামাজ জামায়াতে আদায় করা বাধ্যতামূলক।
- ❖ জোহরের নামাজের পিরিয়ডে ঘন্টা বাজার দশ মিনিটের মধ্যেই অযু সম্পন্ন করে মসজিদে উপস্থিত হওয়া এবং নামাজ পরবর্তী তারবিয়াতী আলোচনায় উপস্থিত থাকা বাধ্যতামূলক।



- ❖ ছাত্র-ছাত্রীদের শ্রেণিকক্ষে প্রবেশ, ছুটির সময় শ্রেণিকক্ষ ত্যাগ, জোহরের সময় মসজিদে নামাজ আদায় এবং মসজিদ থেকে বের হওয়ার ক্ষেত্রে সুশৃংখল নিয়ম-নীতি মেনে চলতে হয়।
- ❖ শিক্ষার্থীদের মোট কার্যকালের কমপক্ষে ৭০% উপস্থিতি অপরিহার্য। ক্লাসে উপস্থিতি ৭০% এর কম হলে শিক্ষার্থীকে বার্ষিক বা নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ প্রদান করা হয় না।

## বেতন পরিশোধ সংক্রান্ত জ্ঞাতব্য

- ❀ প্রতি মাসের ১ থেকে ১২ তারিখের মধ্যে ঐ মাসের বেতন পরিশোধ করতে হবে। শনিবারে কোন বেতন গ্রহণ করা হয় না।
- ❀ বেতন পরিশোধের নির্ধারিত তারিখে বেতন পরিশোধ না করলে ২০/- টাকা বিলম্ব জরিমানাসহ পরবর্তী মাসের নির্ধারিত তারিখে পরিশোধ করা যাবে।
- ❀ পর পর দুই মাস বেতন পরিশোধ না করলে ভর্তি বাতিল হবে। পরবর্তীতে পুন:ভর্তি ফি ৫০০/- টাকা সহ সমুদয় বকেয়া পরিশোধ করে নাম রেজিষ্ট্রিভূক্ত করতে হবে।
- ❀ প্রতি সাময়িক ও বার্ষিক পরীক্ষার পূর্বে নির্ধারিত তারিখ সমূহে বেতন ও পরীক্ষার ফি পরিশোধ করে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।
- ❀ বার্ষিক পরীক্ষার পূর্বে ডিসেম্বর মাসের বেতন সহ যাবতীয় বকেয়া (যদি থাকে) পরিশোধ করতে হবে।

## শেষ কথা

জামেয়া একটি আদর্শ দ্বীনি শিক্ষা প্রতিষ্ঠান। আপনার সন্তানের মেধা বিকাশের মাধ্যমে তার উন্নততর পড়াশুনা ও চারিত্রিক মানকে বিকশিত করে তুলতে আমরা সদা সচেষ্ট। আপনাদের সার্বিক সহযোগিতা ও সুপরামর্শই আমাদের পাথেয়। আমাদের প্রচেষ্টাকে সফলতার দ্বারপ্রান্তে পৌছানোর জন্য আপনার আন্তরিক সহায়তা আমাদের প্রয়োজন।

## শ্রেণি কার্যক্রম শুরুর প্রাক্কালে নিয়মিত এসেম্বলী এর বিবরণ

- আরবীতে সূরা ফাতেহা পাঠ
- কবি গোলাম মোস্তফা রচিত সূরা ফাতেহার কাব্যানুবাদ ঃ

### মুনাজাত

অনন্ত অসীম প্রেমময় তুমি
বিচার দিনের স্বামী
যত গুণগান হে চির মহান
তোমারই অন্তর্যামী।
দ্যুলোকে ভূলোকে সবারে ছাড়িয়া
তোমারই চরণে পড়ি লুটাইয়া
তোমারই সকাশে যাচি হে শকতি
তোমারই করুণাকামী।
সরল সঠিক পূণ্য পন্থা
মোদেরে দাও গো বলি
চালাও সে পথে যে পথে তোমার
প্রিয়জন গেছে চলি।
যে পথে তোমার চির অভিশাপ
যে পথে ভ্রান্তি চির পরিতাপ
হে মহাচালক, মোদেরে কখনো
করো না সে পথগামী।

- অর্থসহ কুরআন এর বাণী পাঠ
- অর্থসহ হাদীস পাঠ
- ওয়াদা ঃ

### ওয়াদা

আমি ওয়াদা করিতেছি যে, ইসলামের সকল বিধি-বিধান মানিয়া চলিব। কুরআন-সুন্নাহর সুমহান শিক্ষার প্রচার ও প্রসারে সর্বাত্নক চেষ্টা করিব। বাংলাদেশের উন্নতি, অগ্রগতি ও সংহতি রক্ষা করিতে সর্বদা সচেষ্ট থাকিব। জামেয়ার সকল নিয়ম-শৃংখলা মানিয়া চলিতে বাধ্য থাকিব। আল্লাহ আমাকে এ ওয়াদা পালনের তাওফীক দিন। আমীন!

- জাতীয় সঙ্গীত পরিবেশন
- শরীর চর্চা
- ইসলামী শিক্ষা ও উদ্দীপনামূলক নির্বাচিত বাণী আবৃত্তি করে সুশৃংখলভাবে শ্রেণিকক্ষে প্রবেশ



# শাহজালাল জামেয়া ইসলামিয়া কামিল (এম.এ) মাদরাসা

পাঠানটুলা, সিলেট

পাঠ্য বিষয়, পাঠ্য তালিকা ও মানবন্টন ২০২৫ ঈসায়ী

**জামেয়া ঃ ১**

**মোট নম্বর ঃ ৭০০**

| বিষয় | নম্বর | পাঠ্যবই |
|---|---|---|
| ১. কুরআন | ১০০ | কুরআন মাজিদ ও তাজভিদ –মাদরাসা বোর্ড |
| ২. আরবী | ১০০ | আদ-দুরুসুল আরাবিয়্যাহ –মাদরাসা বোর্ড |
| ৩. ইসলাম শিক্ষা | ১০০ | আকাইদ ও ফিকহ –মাদরাসা বোর্ড |
| ৪. বাংলা | ১০০ | আমার বাংলা বই –এনসিটিবি |
| ৫. গণিত | ১০০ | ইবতেদায়ী গণিত –এনসিটিবি |
| ৬. ইংরেজী | ১০০ | ক) English for Today ..NCTB<br>খ) Child's word book with spelling -New Era P. |
| ৭. সাধারণ জ্ঞান, কম্পিউটার, হস্তলিপি ও ড্রইং | ১০০ | ক) শিশুদের জ্ঞান কোষ-১ –আইসিইডি<br>খ) এসো কম্পিউটার শিখি-০ –এডুকেয়ার পাবলিকেশন্স<br>গ) হাতের লেখা সুন্দর করি-২ –এডুকেয়ার পাবলিকেশন্স<br>ঘ) ছোটদের আরবি হাতের লেখা-১ –মোঃ লুৎফুর রহমান<br>ঙ) English Hand Writing Book-2 Educare P.<br>চ) আঁকতে শিখি-২ –এডুকেয়ার পাবলিকেশন্স |
| ৮. ব্যবহারিক | ৫০+৩০ +২০ =১০০ | আমল-আখলাক, উপস্থিতি ও পরিষ্কার পরিচ্ছন্নতা |
| খাতা | প্রতি পরীক্ষায় ৬টি বিষয়ে ৬টি খাতা। ডিমাই সাইজ, পৃষ্ঠা- ৮০ | |

## জামেয়া-১
## বিষয় ঃ কুরআন
## পূর্ণমান ঃ ১০০

পাঠ্য বই ঃ ইবতেদায়ী কুরআন মাজিদ ও তাজভিদ, ১ম শ্রেণি, মাদরাসা বোর্ড।

### প্রশ্নের ধরন ও মানবন্টন

**লিখিত-৫০**

| | |
|---|---|
| ১। প্রশ্নোত্তর [কুরআন অংশ] ঃ ৪টির মধ্যে ২টি | ১০×২=২০ |
| ২। শূন্যস্থান পূরণ/ সঠিক উত্তর ঃ ১০টি | ১×১০=১০ |
| ৩। প্রশ্নোত্তর [তাজভিদ অংশ] ঃ ৪টির মধ্যে ২টি | ৫×২=১০ |
| ৪। কুরআনের শব্দা/ছোট আয়াত দেখে দেখে লেখা ঃ ৫টি/২টি | ১০ |

**মৌখিক-৫০**

| | |
|---|---|
| ১। হরফের নাম বলা ঃ | ১০ |
| ২। বানান করে পড়া ঃ ৭টির মধ্যে ৫টি | ১০ |
| ৩। সহিহরূপে সূরা মুখস্থ বলা ঃ | ২০ |
| ৪। মাখরাজ বলা ঃ ৪টির মধ্যে ২টি | ১০ |
| | **মোট = ১০০** |
| | কনভার্টেড ঃ = ৮০ |
| → ২টি ক্লাসটেস্ট ও ১টি এসাইনমেন্ট ঃ | ৭+৭+৬= ২০ |
| | সর্বমোট = ১০০ |

### ঃ বিস্তারিত পাঠ্যসূচী ঃ

### ✧ বিশেষ মূল্যায়ন পরীক্ষা ✧

| | | |
|---|---|---|
| → কুরআন- | ১ম অধ্যায় ঃ | ১ম পরিচ্ছেদ- ১ম থেকে ৩য় পাঠ |
| | | ২য় পরিচ্ছেদ- ১ম থেকে ৫ম পাঠ |
| | ২য় অধ্যায় ঃ | ১ম পরিচ্ছেদ- ১ম ও ২য় পাঠ |
| | | ২য় পরিচ্ছেদ- ১ম পাঠ |
| → তাজভিদ- | ৩য় অধ্যায় ঃ | ১ম পাঠ [মাখরাজ: ১-৯] |



### ✧ অর্ধবার্ষিক পরীক্ষা ✧

| | | |
|---|---|---|
| → কুরআন- | ১ম অধ্যায় ঃ | ১ম পরিচ্ছেদ- ৪র্থ ও ৫ম পাঠ |
| | | ২য় পরিচ্ছেদ- ৬ষ্ঠ থেকে ১০ম পাঠ |
| | ২য় অধ্যায় ঃ | ১ম পরিচ্ছেদ- ২য় ও ৩য় পাঠ |
| | | ২য় পরিচ্ছেদ- ২য় পাঠ |
| → তাজভিদ- | ৩য় অধ্যায় ঃ | ১ম পাঠ [মাখরাজ: ১০-১৭] |

### ✧ বার্ষিক পরীক্ষা ✧

| | | |
|---|---|---|
| → কুরআন- | ১ম অধ্যায় ঃ | ১ম পরিচ্ছেদ- ৬ষ্ঠ ও ৭ম পাঠ |
| | | ২য় পরিচ্ছেদ- ১১শ থেকে ১৫শ পাঠ |
| | ২য় অধ্যায় ঃ | ১ম পরিচ্ছেদ- ৩য় ও ৪র্থ পাঠ |
| | | ২য় পরিচ্ছেদ- ১ম ও ২য় পাঠ |
| → তাজভিদ- | ৩য় অধ্যায় ঃ | ১ম পাঠ (মাখরাজ) |

জামেয়া-১

**বিষয় ঃ আরবী**

**পূর্ণমান ঃ ১০০**

পাঠ্য বই ঃ আদ্দুরূসুল আরাবিয়্যাহ (ইব: ১ম শ্রেণি)- বাংলাদেশ মাদরাসা বোর্ড

**প্রশ্নের ধরন ও মানবন্টন**

**মৌখিক-৫০**

| | |
|---|---|
| ১। ছবি দেখে আরবি বলা ঃ ৫টি | ২×৫=১০ |
| ২। ফল/ফুল/পশু-পাখির নাম আরবিতে বলা ঃ ৫টি | ২×৫=১০ |
| ৩। আরবিতে গণনা বলা | ১০ |
| ৪। পাঠ্য বইয়ের আলোকে প্রশ্নোত্তর বলা | ২×৫=১০ |
| ৫। কবিতা মুখস্থ (আরবিতে) ঃ ১টি | ১০×১=১০ |

**লিখিত-৫০**

| | |
|---|---|
| ১। ছবি দেখে আরবি লেখা ঃ ৭টির মধ্যে ৫টি | ২×৫=১০ |
| ২। শব্দার্থ লিখা (আরবি থেকে বাংলা) ঃ [৮টি থেকে ৫টি] | ২×৫=১০ |
| ৩। ছবির সাথে উপযুক্ত শব্দ মিলানো ঃ ৫টি | ২×৫=১০ |
| ৪। আরবিতে কথায় গণনা লিখা ঃ ৫টি | ২×৫=১০ |
| ৫। পাঠ্য বইয়ের আলোকে প্রশ্নোত্তর ঃ ৩টির মধ্যে ২টি | ৫×২=১০ |
| | **মোট = ১০০** |
| | কনভার্টেড ঃ = ৮০ |
| → ২টি ক্লাসটেস্ট ও ১টি এসাইনমেন্ট ঃ | ৭+৭+৬ = ২০ |
| | সর্বমোট = ১০০ |

**ঃ বিস্তারিত পাঠ্যসূচী ঃ**

**✧ বিশেষ মূল্যায়ন পরীক্ষা**

الدرس الاول ـــــ الدرس التاسع ، الدرس العشرون

**✧ অর্ধবার্ষিক পরীক্ষা**

الدرس العاشر ـــــ الدرس الثامن عشر ، الدرس العشرون

**✧ বার্ষিক পরীক্ষা**

الدرس الثامن عشر ـــــ الدرس السابع والعشرون

الدرس الرابع



জামেয়া-১

**বিষয় ঃ আকাইদ ও ফিক্হ**

**পূর্ণমান ঃ ১০০**

পাঠ্য বই ঃ আকাইদ ও ফিক্হ (ইব: ১ম শ্রেণি)- বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

**প্রশ্নের ধরন ও মানবন্টন**

**লিখিত-৫০**

| | |
|---|---|
| ১। প্রশ্নোত্তর ঃ ৭টির মধ্যে ৫টি | ৮×৫=৪০ |
| ২। শূন্যস্থান পূরণ-৭টির মধ্যে ৫টি/ ছড়া লিখা- ১টি | ১০ |

**মৌখিক-৫০**

| | |
|---|---|
| ১। প্রশ্নোত্তর ঃ ৭টির মধ্যে ৫টি | ৫×৫=২৫ |
| ২। ছড়া বলা ঃ ২টির মধ্যে ১টি | ১০×১=১০ |
| ৩। দোয়া বলা ঃ ২টির মধ্যে ১টি | ১০×১=১০ |
| ৪। দোয়ার অর্থ বলা | ৫ |
| | **মোট = ১০০** |
| | কনভার্টেড ঃ = ৮০ |
| → ২টি ক্লাসটেস্ট ও ১টি এসাইনমেন্ট ঃ | ৭+৭+৬ = ২০ |
| | সর্বমোট = ১০০ |

**ঃ বিস্তারিত পাঠ্যসূচী ঃ**

**⇨ বিশেষ মূল্যায়ন পরীক্ষা ঃ**

→ আকাইদ ঃ ১ম অধ্যায়: পাঠ- ১, ২, ৩

→ ফিকহ ঃ ৩য় অধ্যায়: পাঠ- ১

→ আখলাক ঃ ৫ম অধ্যায়: পাঠ- ১, ২

→ মুখস্থ ঃ ১. ছড়া ঃ পৃষ্ঠা- ১, ২, ৮
২. দোয়া ঃ ১, ২, ৩

**⇨ অর্ধবার্ষিক পরীক্ষা ঃ**

→ আকাইদ ঃ ১ম অধ্যায়: পাঠ- ৩ ও ৪
২য় অধ্যায়: পাঠ- ১, ২

→ ফিকহ ঃ ৩য় অধ্যায়: পাঠ- ২, ৪র্থ অধ্যায়: পাঠ- ১

→ আখলাক ঃ ৫ম অধ্যায়: পাঠ- ৩

→ মুখস্থ ঃ ১. ছড়া ঃ পৃষ্ঠা- ৬ ও ৯
২. দোয়া ঃ ৪, ৫, ৬

➩ **বার্ষিক পরীক্ষা ঃ**

→। আকাইদ ঃ ২য় অধ্যায়: পাঠ- ২, ৩, ৪

→। ফিকহ ঃ ৪র্থ অধ্যায়: পাঠ- ২

→। আখলাক ঃ ৫ম অধ্যায়: পাঠ- ৪

→। মুখস্থ ঃ ১. ছড়া ঃ পৃষ্ঠা- ১২ ও ১৬
২. দোয়া ঃ ৬ , ৭, মুসাফাহার দোয়া [পৃষ্ঠা-২০]



**জামেয়া-১**

**বিষয় ঃ গণিত**

**পূর্ণমান ঃ ১০০**

পাঠ্য বই ঃ ইবতেদায়ী গণিত-প্রথম শ্রেণি, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

**প্রশ্নের ধরন ও মানবন্টন**

➩ লিখিত ঃ ৬০

→। জ্যামিতিসহ মোট ৮টি প্রশ্ন দেয়া থাকবে ৬টির উত্তর দিতে হবে।
জ্যামিতি আবশ্যক (চিত্র অঙ্কন করা)। ১০×৬=৬০

➩ মৌখিক ঃ ৪০

→। জ্যামিতিসহ মোট ৬টি প্রশ্ন দেয়া থাকবে ৪টির উত্তর দিতে হবে ১০×৪=৪০

**মোট = ১০০**

কনভার্টেড ঃ = ৮০

→। ২ট ক্লাসটেস্ট ও ১টি এসাইনমেন্ট ঃ ৭+৭+৬ = ২০

সর্বমোট = ১০০

**ঃ বিস্তারিত পাঠ্যসূচী ঃ**

➩ **বিশেষ মূল্যায়ন পরীক্ষা ঃ**

→। অধ্যায় ঃ ১-৬

→ জোড়-বিজোড় সংখ্যা ও অংকে-কথায় ঃ ১-২০

→ গুণের নামতা শেখা ঃ ১, ২

→। জ্যামিতিক আকৃতি অঙ্কন পৃ: ৮২

➩ **অর্ধবার্ষিক পরীক্ষা ঃ**

→। অধ্যায় ঃ ৭-১২

→ জোড়-বিজোড় সংখ্যা ও অংকে-কথায় ঃ ২১-৫০

→ গুণের নামতা শেখা ঃ ৩, ৪

→। জ্যামিতিক আকৃতি অঙ্কন পৃ: ৮৪

➩ **বার্ষিক পরীক্ষা**

→। অধ্যায় ঃ ১৩-১৮

→। অংকে-কথায় ঃ ৫১-১০০

→। জোড়-বিজোড় সংখ্যা ঃ ৫০-১০০

→ গুণের নামতা শেখা ঃ ৪, ৫

→। জ্যামিতিক আকৃতি অঙ্কন পৃ: ৮৪, ৮৫

জামেয়া-১

**বিষয় ঃ ইংরেজি**

**পূর্ণমান ঃ ১০০**

পাঠ্য বই ঃ

ক) English for Today- NCTB
খ) Child's Word Book with Spelling- New Era Publication.

## প্রশ্নের ধরন ও মানবন্টন

**→। লিখিত ঃ ৫৫**

| | |
|---|---|
| ১। ছবির পাশে সঠিক *Word* লিখা ঃ ৮টির মধ্যে ৬টি | ২×৬=১২ |
| ২। শূন্যস্থান পূরণ ঃ ৮টির মধ্যে ৬টি | ২×৬=১২ |
| ৩। শব্দার্থ লিখা (ইংরেজি থেকে বাংলা) ঃ ৮টির মধ্যে ৬টি | ২×৬=১২ |
| ৪। বাক্য তৈরী করা ঃ ৮টির মধ্যে ৫টি | ২×৫=১০ |
| ৫। Capital Letter ও Small Letter লিখা ঃ | ৯ |

**→। মৌখিক ঃ ৪৫**

| | |
|---|---|
| ১। Rhymes ঃ ১টি | ১০ |
| ২। ছবি দেখে ইংরেজি বলা ঃ ৮টির মধ্যে ৫টি | ১×৫=৫ |
| ৩। শব্দার্থ বলা (বাংলা থেকে ইংরেজি) ঃ ৮টির মধ্যে ৫টি | ২×৫=১০ |
| ৪। বাংলায় অনুবাদ বলা ঃ ৮টির মধ্যে ৫টি | ১×৫=৫ |
| Word Book: | |
| ৫। Letter/Syllable/Word এর বাংলা উচ্চারণ ঃ ৮টির মধ্যে ৫টি | ১×৫=৫ |
| ৬। শব্দার্থ বলা ঃ ৮টির মধ্যে ৫টি | ১×৫=৫ |
| ৭। দিন, মাস, ঋতু, দিক, রং ইত্যাদির নাম বলা ঃ | ৫ |
| | **মোট = ১০০** |
| | কনভার্টেড ঃ = ৮০ |
| →। ২ট ক্লাসটেস্ট ও ১টি এসাইনমেন্ট ঃ | ৭+৭+৬ = ২০ |
| | সর্বমোট = ১০০ |



**বিস্তারিত পাঠ্যসূচী ঃ**

### ✧ বিশেষ মূল্যায়ন পরীক্ষা ✧

→। English for Today: Unit: 1, Unit: 2 (Lesson: 1-7)
Unit: 3 (Lesson: 1), Unit: 4 (Lesson: 2), Unit: 5 (Lesson: 1)
Rhymes: Two Little Blackbirds

→। Word Book:
- ✓ A থেকে L পর্যন্ত Capital Letter & Small Letter গুলোর পরিচয় ও লেখা শিখা
- ✓ বর্ণ/ অক্ষরের বাংলা উচ্চারণ A থেকে L পর্যন্ত
- ✓ English Syllable এর বাংলা উচ্চারণ — পৃষ্ঠা- ৬
- ✓ Our Family, Human Body, Food & Drink, Vegetable (P: 3-6)
- ✓ সাত দিনের নাম/ বার মাসের নাম শিখা

### ✧ অর্ধবার্ষিক পরীক্ষা ✧

→। English for Today: Unit: 2 (Lesson: 8-15)
Unit: 3 (Lesson: 2), Unit: 4 (Lesson: 3-4), Unit: 5 (Lesson: 2)
Rhymes: One, Two, Three, Four, Five

→। Word Book:
- ✓ M থেকে Z পর্যন্ত Capital Letter & Small Letter গুলোর পরিচয় ও লেখা শিখা
- ✓ বর্ণ/ অক্ষরের বাংলা উচ্চারণ M থেকে Z পর্যন্ত
- ✓ English Syllable এর বাংলা উচ্চারণ — পৃষ্ঠা- ৭
- ✓ Flower, Fruit, Fish, Bird (P: 7-10)
- ✓ ঋতু ও রংয়ের নাম শিখা

### ✧ বার্ষিক পরীক্ষা ✧

→। English for Today: Unit: 2 (Lesson:16-21)
Unit: 3 (Lesson: 3), Unit: 4 (Lesson: 5-6), Unit: 5 (Lesson: 3)
Rhymes: Animals Sounds the Song

→। Word Book:
- ✓ A থেকে Z পর্যন্ত Capital Letter & Small Letter গুলোর পরিচয় ও লেখা শখা
- ✓ English Word এর বাংলা উচ্চারণ — পৃষ্ঠা- ৮
- ✓ Animal, Sports, Vehicles, Tools (P: 11-15)
- ✓ দিন, মাস ও দিকের নাম শিখা

## জামেয়া-১
## বিষয় ঃ বাংলা
## পূর্ণমান ঃ ১০০

পাঠ্য বই ঃ আমার বাংলা বই, ইবতেদায়ী ১ম শ্রেণি, এনসিটিবি।

## প্রশ্নের ধরন ও মানবন্টন

⇨ লিখিত ঃ ৫০

| | |
|---|---|
| ১। শব্দ গঠন ঃ ৮টির মধ্যে ৫টি | ২×৫=১০ |
| ২। প্রশ্নোত্তর ঃ ৮টির মধ্যে ৫টি | ৬×৫=৩০ |
| ৩। শূন্যস্থান পূরণ ঃ ৮টির মধ্যে ৫টি | ২×৫=১০ |

⇨ মৌখিক ঃ ৫০

| | |
|---|---|
| ১। ছড়া মুখস্থ ঃ ১টি | ১০ |
| ২। নির্ধারিত অংশ পাঠ- | ৫ |
| ৩। বানান ঃ ৮টির মধ্যে ৫টি | ১×৫=৫ |
| ৪। প্রশ্নোত্তর ঃ ৮টির মধ্যে ৬টি | ৫×৬=৩০ |
| | **মোট = ১০০** |
| | কনভার্টেড ঃ = ৮০ |
| →। ২টি ক্লাসটেস্ট ও ১টি এসাইনমেন্ট ঃ | ৭+৭+৬ = ২০ |
| | সর্বমোট = ১০০ |

## ঃ বিস্তারিত পাঠ্যসূচী ঃ

### ⇨ বিশেষ মূল্যায়ন পরীক্ষা ঃ

⇨ পাঠ : ১-১৮

- →। স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণের পরিচয় ও লেখা শেখা
- →। শব্দ গঠন ও বানান শেখা
- →। দ্রুত পঠন শেখা
- →। প্রশ্নোত্তর শেখা
- →। ছড়া শেখা
- →। শূন্যস্থান পূরণ শেখা



### ⇨ অর্ধবার্ষিক পরীক্ষা ঃ

⇨ পাঠ : ১৯-৩৫

- →। স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণের পরিচয় ও লেখা শেখা
- →। শব্দ গঠন ও বানান শেখা
- →। দ্রুত পঠন শেখা
- →। প্রশ্নোত্তর শেখা
- →। ছড়া শেখা
- →। শূন্যস্থান পূরণ শেখা

### ⇨ বার্ষিক পরীক্ষা ঃ

⇨ পাঠ : ৩৬-৫৩

- →। স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণের পরিচয় ও লেখা শেখা
- →। শব্দ গঠন ও বানান শেখা
- →। দ্রুত পঠন শেখা
- →। প্রশ্নোত্তর শেখা
- →। ছড়া শেখা
- →। শূন্যস্থান পূরণ শেখা

## জামেয়া-১
## বিষয় ঃ সাধারণ জ্ঞান, কম্পিউটার, হস্তলিপি ও অংকন শিক্ষা
## পূর্ণমান ঃ ১০০

পাঠ্য বই ঃ

| | |
|---|---|
| ক) শিশুদের জ্ঞান কোষ-১ | আইসিইডি |
| খ) কম্পিউটারে হাতেখড়ি-০ | মাহবুবুর রহমান |
| গ) নিজে নিজে লেখা শিখি-১ | শাহানারা বেগম |
| ঘ) শিশুদের আরবী হাতের লেখা-১ | মোঃ লুৎফুর রহমান |
| ঙ) My Hand Writing Book-1 | Md. Ishaque Ali |
| চ) আঁকতে শিখি-২ | সোসাইটি |

**প্রশ্নের ধরন ও মানবন্টন**

**মৌখিক ঃ ৪০**

| | |
|---|---|
| ১। প্রশ্নোত্তর বলা [সাধারণ জ্ঞান] ঃ ২০টির মধ্যে ১৫টি | ২×১৫=৩০ |
| ২। অক্ষর দিয়ে শব্দ বলা [কম্পিউটার] ঃ ৫টি | ৫ |
| ৩। ছবি দেখে নাম বলা [কম্পিউটার] ঃ ৫টি | ৫ |

**লিখিত ঃ ৫০**

| | |
|---|---|
| ১। সংক্ষিপ্ত প্রশ্নোত্তর [কম্পিউটার] ঃ ৪টির মধ্যে ২টি | ৫×২=১০ |
| ২। হস্তলিপি ঃ আরবী, ইংরেজি, বাংলা | ৭+৭+৬ =২০ |
| ৪। ছবি আঁকা ঃ ৬টির মধ্যে ৪টি | ৫×৪=২০ |

→। কম্পিউটার ব্যবহারিক ঃ ১০

**মোট = ১০০**

কনভার্টেড ঃ = ৮০

→। ২টি ক্লাসটেস্ট ও ১টি এসাইনমেন্ট ঃ ৭+৭+৬ = ২০

সর্বমোট = ১০০

### ঃ বিস্তারিত পাঠ্যসূচী ঃ
### ✧ বিশেষ মূল্যায়ন পরীক্ষা ✧

→। জ্ঞান কোষ ঃ

প্রথম অধ্যায়- আমি এবং আমার কথা, বাংলাদেশের কথা, বাংলাদেশের প্রথম, বৃহত্তম, দীর্ঘতম এবং শ্রেষ্ঠ।

দ্বিতীয় অধ্যায়- দেশ-বিদেশের কথা, মহাদেশ, পশুপাখি ও গাছপালা



→। কম্পিউটার ঃ কম্পিউটার বর্ণমালা (A-H), যন্ত্র ও কম্পিউটার- পৃ:- ৯-১১

কম্পিউটার ব্যবহারিক ঃ কম্পিউটার চালু করা, উইন্ডোজ ডেস্কটপ- পৃ: ১৮

| | |
|---|---|
| →। আরবী হাতের লেখা ঃ | পৃষ্ঠা- ৩ থেকে ১৬ |
| →। হাতের লেখা সুন্দর করি ঃ | পৃষ্ঠা- ৫ থেকে ১৫ |
| →। Hand Writing Book: | পৃষ্ঠা- ৩ থেকে ১২ |
| →। আঁকতে শিখি ঃ | পৃষ্ঠা- ৩ থেকে ৬ |

### ✧ অর্ধবার্ষিক পরীক্ষা ✧

→। জ্ঞান কোষ ঃ

দ্বিতীয় অধ্যায়- ফুল ও ফল, মানবদেহের কথা, সৌরজগতের কথা

তৃতীয় অধ্যায়- খেলাধূলার কথা

→। কম্পিউটার ঃ কম্পিউটার বর্ণমালা (I-P), কম্পিউটারের বিভিন্ন অংশ- পৃ: ১২-১৫

কম্পিউটার ব্যবহারিক ঃ কম্পিউটার বন্ধ করা পৃ: ২১

| | |
|---|---|
| →। আরবী হাতের লেখা ঃ | পৃষ্ঠা- ১৭ থেকে ৩২ |
| →। হাতের লেখা সুন্দর করি ঃ | পৃষ্ঠা- ১৬ থেকে ২৭ |
| →। Hand Writing Book: | পৃষ্ঠা- ১২ থেকে ২০ |
| →। আঁকতে শিখি ঃ | পৃষ্ঠা- ৭ থেকে ১১ |

### ✧ বার্ষিক পরীক্ষা ✧

→। জ্ঞান কোষ ঃ

চতুর্থ অধ্যায়- ইসলাম ধর্ম, নবী-রাসূলগণের কথা, আল-কুরআন ও আল-হাদীস এবং ঈমান।

→। কম্পিউটার ঃ

কম্পিউটার বর্ণমালা (Q-Z), কম্পিউটারের ব্যবহার- পৃ: ১৬,

মানুষ ও কম্পিউটারের মধ্যে পার্থক্য পৃ: ১৭

কবিতা পৃষ্ঠা-২০

কম্পিউটার ব্যবহারিক ঃ প্রশ্নোত্তরে কম্পিউটার পৃ: ২২-২৩

| | |
|---|---|
| →। আরবী হাতের লেখা ঃ | পৃষ্ঠা- ৩ থেকে ৩২ |
| →। নিজে নিজে লেখা শিখি ঃ | পৃষ্ঠা- ২১ থেকে ৩২ |
| →। Hand Writing Book: | পৃষ্ঠা- ২১ থেকে ৩২ |
| →। আঁকতে শিখি ঃ | পৃষ্ঠা- ১২ থেকে ১৬ |